

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

গোপনীয়

Bangladesh Water Development Board


শৃংখলা পরিদপ্তর

পানি ভবন (লেভেল-৭)

৭২, গ্রীণরোড, ঢাকা-১২১৫।

ফোনঃ ৯৫৫০৩৫৩

dir.discipline.bwdb@gmail.com



Directorate of Discipline

Pani Bhaban (Level-7)

72, Green Road, Dhaka-1215

Phone-9550353

dir.discipline.bwdb@gmail.com

নং- ৪২.০১.০০০০.০২৩.২৭.৩০০.১৯-০৯

তারিখঃ ০১-১০-১৪২৭ বঙ্গাব্দঃ

১৭-০১-২০২১ খ্রিঃ


দপ্তরাদেশ

জনাব মোঃ মাকসুদুর রহমান মুন্সি (আইডি নং-৯২০১০৪০০১), সিনিয়র ডাটা এন্ট্রি অপারেটর, বোর্ড সচিবালয়, বাপাউবো, ঢাকা কর্তৃক কর্মচারী উন্নয়ন পরিদপ্তরের সহকারী প্রকৌশলী জনাব মোঃ মোহাইমিনুল হক এবং ঢাকা পওর বিভাগ-১ এর সহকারী প্রকৌশলী জনাব তৌহিদুর রহমান মজুমদার কর্মকর্তাদ্বয়ের উপর কোন প্রকার উচ্চাঙ্গি ব্যতিরেকে চড়াও হওয়া, কর্মকর্তাদ্বয়ের মধ্যে জনাব মোঃ মোহাইমিনুল হক, সহকারী প্রকৌশলীর শার্টের কলার চেপে ধরে ধাক্কা দিয়ে ফেলে দেয়া, নিজেকে বাপাউবোর একজন কর্মচারী ছাড়াও স্থানীয় রাজনৈতিক প্রভাবশালী নেতা হিসেবে পরিচয় দিয়ে তাদের জীবননাশের হুমকি প্রদান করা এবং তাদেরকে অশ্রাব্য ভাষায় গালিগালাজ পূর্বক প্রকাশ্যে লাঞ্ছিত করা সংক্রান্ত অভিযোগে কর্মচারী পরিদপ্তর, বাপাউবো, ঢাকার দপ্তরাদেশ নং-১০০-বাপাউবো(কপ)/বি-৩ তারিখঃ ১৩.০৫.২০১৯ খ্রিঃ এর মাধ্যমে বাপাউবোর্ডের চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করতঃ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ অনুযায়ী অত্র দপ্তরের স্মারক নং-১৭০-পাউবো/শৃং/শা-২/অভি(গ)-০৫/২০১৯ তারিখঃ ০৩.০৬.২০১৯খ্রিঃ এর মাধ্যমে অভিযোগনামা প্রণয়নপূর্বক কার্যধারা সূচনা করে ১০(দশ) কার্যদিবসের মধ্যে আত্মপক্ষ সমর্থনে লিখিত বিবৃতি দাখিলের জন্যে নির্দেশনা প্রদান করা হয়।

২। জনাব মোঃ মাকসুদুর রহমান মুন্সি, সিনিয়র ডাটা এন্ট্রি অপারেটর(সাময়িক বরখাস্তকৃত) এর বিরুদ্ধে সূচিত কার্যধারায় উল্লিখিত অভিযোগের প্রেক্ষিতে তিনি লিখিত বিবৃতি দাখিল করেন। তার দাখিলকৃত বিবৃতি/জবাব পরীক্ষা-নিরীক্ষা ও পর্যালোচনায় কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত সিদ্ধান্ত মোতাবেক অত্র দপ্তরের দপ্তরাদেশ নং-২৩০-পাউবো/শৃং/শা-২/অভি(গ)-০৫/২০১৯ তারিখঃ ২১.০৭.২০১৯খ্রিঃ এর মাধ্যমে একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তৎপ্রেক্ষিতে তদন্ত কর্মকর্তা তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্ত কর্মকর্তার দাখিলকৃত তদন্ত প্রতিবেদন এবং আনুষঙ্গিক রেকর্ডপত্রাদি যথাযথভাবে পরীক্ষা-নিরীক্ষা ও পর্যালোচনান্তে জনাব মোঃ মাকসুদুর রহমান মুন্সি, সিনিয়র ডাটা এন্ট্রি অপারেটর এর বিরুদ্ধে আনীত অভিযোগ বিভাগীয় তদন্তে প্রতিষ্ঠিত না হওয়ায় তার সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার পূর্বক তাকে আনীত অভিযোগ হতে অব্যাহতি প্রদানের এবং তার সাময়িক বরখাস্তকালীন সময়কাল কর্তব্যকাল হিসেবে গণ্য করার সিদ্ধান্ত কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত হয়।

৩। এতদপ্রেক্ষিতে, উপরোক্ত সিদ্ধান্ত মোতাবেক এতদ্বারা জনাব মোঃ মাকসুদুর রহমান মুন্সি, সিনিয়র ডাটা এন্ট্রি অপারেটর, বোর্ড সচিবালয়, বাপাউবো, ঢাকা এর সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার পূর্বক তাকে আনীত অভিযোগ হতে অব্যাহতি প্রদান করা হলো এবং তার সাময়িক বরখাস্তকালীন সময়কাল বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৫৬(১) অনুযায়ী কর্তব্যকাল হিসেবে গণ্য করা হলো।

৪। এতে মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদন রয়েছে।


(আব্দুল খালেক)

পরিচালক

পরিচিতি নম্বরঃ ৬৩০১২০০০১

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

নং- ৪২.০১.০০০০.০২৩.২৭.৩০০.১৯-০৯

তারিখঃ ০১-১০-১৪২৭ বঙ্গাব্দঃ
১৭-০১-২০২১ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। সচিব, বাপাউবো, ঢাকা।
- ২। পরিচালক, কর্মচারী পরিদপ্তর/হিসাব রক্ষণ পরিদপ্তর/অর্থ পরিদপ্তর/তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
- ৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। দপ্তরাদেশটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ৪। সি,এস,ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
- ৫। উপ-পরিচালক, কেন্দ্রীয় আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, ঢাকা।
- ৬। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/অর্থ), বাপাউবো, ঢাকা।
- ৭। জনাব মোঃ মাকসুদুর রহমান মুন্সি, সিনিয়র ডাটা এন্ট্রি অপারেটর, বোর্ড সচিবালয়, বাপাউবো, ঢাকা।

নোমান ফরিদ ১৭/০১/২০২১

(মোঃ নোমান ফরিদ)

উপ পরিচালক

পরিচিতি নম্বর-৬৬০৮০৫০০২

জায়েরী নং ৬৪
সেখামার ১/২
সহকারী সেক্রেটারী ১/২/৩/৪
নেটওয়ার্ক প্রকৌশলী
অফিস সহকারী
তারিখঃ ১৭/১/২১
অর্থ
প্রয়োজনীয় ব্যবস্থা নিন
সময়মতে পেশ করুন
সময়মতে রাখুন
তারিখঃ ১৭/১/২১

সিনিয়র সিস্টেম এনালিস্ট
আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা